10

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 NOV 1994
পৃষ্ঠা ৩ কলাম ৩

## শিক্ষাবর্ষ প্রায় শেষ ॥ এখনো পাঠ্য পুস্তক মিলে নাই

ফেনী সংবাদদাতা ॥ চলতি শিক্ষা বর্ষের ফাইনাল পরীক্ষা দেওয়ার পূর্ব মুহূর্তেও জেলার ১১৯টি সরকারী ও বেসরকারী উচ্চ বিদ্যালয় এবং ২১টি নিম্ন মাধ্যমিক (জুনিয়ার হাই স্কুল) বিদ্যালয়ের বহু ছাত্র-ছাত্রী বোর্ডের সকল পাঠ্যপুস্তক পায় নাই। বিশেষ করিয়া "কৃষি শিক্ষা" পাঠ্য পুস্তক হইতে অধিকাংশ ছাত্র-ছাত্রী এখনও বঞ্চিত রহিয়াছে। অথচ সরকার এই বৎসর কৃষি বিষয়ক শিক্ষা বাধ্যতামূলক করিয়াছেন। শিক্ষা বোর্ড এই পুস্তক চাহিদা অনুযায়ী সরবরাহে ব্যর্থ হইতেছেন।